দৈনিক ইত্তেফাক

২৭/৮/২০০০

তারিখ ........
পৃষ্ঠা ২ ..... কলাম .....

# পাবনা চিনিকল এলাকার শিক্ষা প্রতিষ্ঠানে অনুদান বিতরণ

ঈশ্বরদী হইতে সংবাদদাতা ॥ ঈশ্বরদীর কালিকাপুরস্থ পাবনা সুগার মিলের সেস্ কমিটি গত রবিবার মিল জোনের আওতাধীন আখচাষী-দের উপস্থিতিতে এলাকার ১০৫টি বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার মধ্যে নগদ অনুদান বিতরণ করি-য়াছে। মিলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবদুল হকের সভাপতিত্বে অনুদান বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক আশ-রাফুল মকবুল। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার আলতাফ হোসেন মোল্লা, চিনি শিল্প সংস্থার সি সি এস এস আজাহার হোসেন, ইক্ষু গবেষণা ইন্সটিটিউটের ভার-প্রাপ্ত মহাপরিচালক ডঃ শরীফুর রহ-মান প্রমুখ।